

স্মারক নং-প্রাগম/তঃশঃ/বিমা-২০/২০১২/৫৮৯

০৬ অগ্রহায়ণ ১৪২১
তারিখঃ ২০ নভেম্বর ২০১৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শেখ আব্দুল গনি, উপজেলা শিক্ষা অফিসার (সাময়িক বরখাস্ত), ডুমুরিয়া, খুলনা মিরপুর থানা, ডিএমপি, ঢাকায় রুজুকৃত ফৌজদারী মামলায় (মামলা নং-৩১, তারিখঃ ১৩/০৩/২০১২) ডুমুরিয়া থানা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে জেলহাজতে প্রেরণ করায় তাকে এ মন্ত্রণালয়ের ০১ এপ্রিল, ২০১২ তারিখের প্রাগম/ তঃশঃ/বিমা-২০/২০১২/১৯১ নং অফিস আদেশমূলে চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি অভিযোগের লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, ফৌজদারী মামলায় মাননীয় যুগ্ম-মহানগর দায়রা জজ ১ম আদালত, ঢাকা জনাব শেখ আব্দুল গনিকে অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে রায় ঘোষণা করেন এবং উক্ত রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে কোন আপীল হয়নি;

সেহেতু, জনাব শেখ আব্দুল গনি ফৌজদারী মামলায় বিজ্ঞ আদালত হতে অব্যাহতি পাওয়ায় তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরীতে পুনর্বহাল করা হ'ল এবং বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(কাজী আখতার হোসেন)
সচিব

স্মারক নং-প্রাগম/তঃশঃ/বিমা-২০/২০১২/৫৮৯

০৬ অগ্রহায়ণ ১৪২১
তারিখঃ ২০ নভেম্বর ২০১৪

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(বাংলাদেশ পেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)
- ৪। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(তাকে প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।)
- ৬। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা।
- ৮। উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা।
- ১০। জনাব শেখ আব্দুল গনি, উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা
- ১১। অফিস কপি।


২০ নভেম্বর ২০১৪
(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব (তঃশঃ)
ফোন ৯৫ ৭৬৬৯১